



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/28/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল জটিল মানসিক স্বাস্থ্য চাহিদাসম্পন্ন শিশু ও কিশোরদের জন্য আবাসিক চিকিৎসা ফ্যাসিলিটি সম্প্রসারিত করার জন্য 30 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

স্টেটের লাইসেন্স করা ফ্যাসিলিটিসমূহ অনসাইট কেয়ার প্রয়োজন এমন কমবয়সীদের সমর্থন করার জন্য সেবামূলক কর্মসূচি প্রদান করবে

নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে রূপান্তরিত ও বলীয়ান করার জন্য গভর্নর হোকলের 1 বিলিয়ন মার্কিন ডলার পরিকল্পনার অংশ

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে অনসাইট কেয়ার প্রয়োজন এমন শিশু ও কিশোরদের জন্য তিনটি নতুন আবাসিক চিকিৎসা ফ্যাসিলিটি নির্মাণের জন্য 30 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য করা হবে। নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য অফিসের (New York State Office of Mental Health, OMH) পরিচালিত ক্যাপিটাল তহবিলটি নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড, এবং পুরো হাডসন রিভার অঞ্চলে নতুন ফ্যাসিলিটি নির্মাণ করতে সাহায্য করবে এবং স্টেটব্যাপী কমবয়সীদের জন্য ধারণক্ষমতা বৃদ্ধি করবে।

"আমাদের সন্তানেরা সফটে আছে, এবং তারা যাতে তাদের প্রয়োজনীয় মানসিক স্বাস্থ্য সেবা ও সমর্থন লাভ করে তা নিশ্চিত করা আমাদের দায়িত্ব," **গভর্নর হোকল বলেন।** "আবাসিক চিকিৎসা ফ্যাসিলিটি মানসিকভাবে মারা ত্রুক অসুস্থ শিশু ও কিশোরদের নিবিড় সেবা লাভ করতে দেয় যা তাদের নিরাময়, বাড়ি ফেরত যাওয়া, এবং স্বাস্থ্যকর ও সফল জীবনযাপনে সাহায্য করে।"

কমবয়সীদের জন্য আবাসিক বা সাইকিয়াট্রিক ইনপেশেন্ট কর্মসূচি পরিচালনা করা সেবাদানকারীদের জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত অর্থ উপলভ্য থাকবে। তহবিলটি ব্যবহার করে নতুন সম্পত্তি ক্রয়, একটি নতুন ফ্যাসিলিটি নির্মাণ, বা নতুন ফ্যাসিলিটি তৈরির জন্য বিদ্যমান ভবনের পুনর্বাসন করা যাবে। আবাসিক চিকিৎসা ফ্যাসিলিটিতে ভর্তি থাকা কমবয়সীরা অনেক সময় ক্যাম্পাসে বা ক্যাম্পাসের কাছের স্কুলে যায়, এবং সমস্যা মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দক্ষতা অনুশীলন করতে প্রশিক্ষিত কর্মীদের সাথে প্রতিদিন কাজ করে। সেবার জন্য একটি পরিবারকেন্দ্রিক পরিকল্পনা তৈরি করা হয়, যা কমবয়সীদের পরিবারের সদস্যদের সাথে তাদের সম্পর্ক বলীয়ান করতে সাহায্য করে যাতে করে তারা অগ্রগতি করার পর বাড়িতে কিছু সময় কাটাতে পারে।

নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য অফিসের কমিশনার ডাঃ অ্যান সালিভ্যান বলেন,
"মানসিক স্বাস্থ্য সমস্যাসহ শিশুদেরকে তাদের লক্ষ্য অর্জনে সাহায্য করার জন্য দ্রুত হস্তক্ষেপ ও চিকিৎসা বিশেষভাবে গুরুত্বপূর্ণ। আবাসিক চিকিৎসা ফ্যাসিলিটি সেইসব পরিস্থিতিতে চিকিৎসা ও সমর্থন প্রদান করে যেখানে আউটপেশেন্ট ও কমিউনিটিভিত্তিক সেবা পর্যাপ্ত হয় না এবং অস্থায়ীভাবে আরো নিবিড় সাহায্যের প্রয়োজন হয়। তহবিলটি কমবয়সীদের মানসিক স্বাস্থ্যের প্রতি এবং কমবয়সী ও তাদের পরিবার যেসব সমস্যার সম্মুখীন হয় তার সমাধান করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতির প্রতিফলন।"

গভর্নর হোকল কমবয়সীদের মানসিক স্বাস্থ্য সমাধান করাকে তার প্রশাসনের একটি অগ্রাধিকার করেছেন এবং [1 বিলিয়ন মার্কিন ডলারের পরিকল্পনার](#) একটি অবিচ্ছেদ্য অংশ হলো স্টেটের মানসিক স্বাস্থ্য সেবার ধারাবাহিকতাকে বলীয়ান করা। এই পরিকল্পনার অংশ হিসেবে, স্কুলভিত্তিক মানসিক স্বাস্থ্য ক্লিনিকের সংখ্যা বৃদ্ধি করতে এবং কমবয়সীদের জন্য র্যাপঅ্যারান্ডম সেবা উন্নত করতে স্টেট 30 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে। গত মাসে, [স্টার্টআপ ব্যয় প্রদান করার জন্য অতিরিক্ত তহবিল](#) প্রদান করা এবং একটি আবর্তিত আবেদন প্রক্রিয়া তৈরির মাধ্যমে গভর্নর স্কুলভিত্তিক মানসিক স্বাস্থ্যসেবা ক্লিনিককে সম্প্রসারিত করেছেন।

এছাড়াও গভর্নর শিশু ও কমবয়সীদের জন্য অন্যান্য অতি গুরুত্বপূর্ণ সেবায় তহবিল প্রদান করেছেন, যেমন আত্মহত্যা প্রতিরোধ কর্মসূচিতে 10 মিলিয়ন মার্কিন ডলার, [হেলদিস্টেপস \(HealthySteps\)](#) সম্প্রসারণ করতে 7 মিলিয়ন মার্কিন ডলার, এটি একটি প্রমাণভিত্তিক কর্মসূচি যা আচরণগত স্বাস্থ্য পেশাদারদের সাথে শিশু চিকিৎসক দলকে জুটিবদ্ধ করে দেয় যাতে তারা একটি শিশু চিকিৎসা স্বাস্থ্যসেবা প্রদানের একটি পরিবেশে শৈশবের শুরুর সময়ে মানসিক ও শারীরিক স্বাস্থ্যসেবা প্রদান করতে পারে; এবং ইটিং ডিজঅর্ডারের সার্বিক সেবা কেন্দ্রের (Comprehensive Care Centers for Eating Disorders) জন্য 3.1 মিলিয়ন মার্কিন ডলার। বাড়িভিত্তিক সফট হস্তক্ষেপ কর্মসূচিকেও (Crisis Intervention program) সম্প্রসারিত করা হয়েছে, এটি একটি নিবিড় স্বতন্ত্র সেবা যা পরিবারকে বাড়িতেই কমবয়সীদের রাখতে সাহায্য করে। পরিশেষে, 2022 সাল থেকে শুরু করে OMH 30টি [ইয়ুথ অ্যাসার্টিভ কমিউনিটি ট্রিটমেন্ট \(Assertive Community Treatment, ACT\)](#) দলের অর্থায়ন করেছে।

বর্তমানে OMH পুরো স্টেটে 11টি আবাসিক চিকিৎসা ফ্যাসিলিটিকে লাইসেন্স প্রদান করেছে। এইসব সেবামূলক ফ্যাসিলিটি একটি তত্ত্বাবধানের অধীনে এবং বাইরের চাপ হ্রাস করার জন্য নকশা করা কাঠামোবদ্ধ পরিবেশে সকল শারীরিক, মেডিকেল, এবং মানসিক স্বাস্থ্য সেবা প্রদান করে থাকে, যা এই সেবার অধীনে থাকা কমবয়সীদের নিরাময়ে মনোযোগ প্রদান করতে দেয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)